



বাংলাদেশ নির্বাচন কমিশন  
নির্বাচন কমিশন সচিবালয়  
নির্বাচন ভবন, আগারগাও, ঢাকা  
ওয়েব সাইট: [www.ecs.gov.bd](http://www.ecs.gov.bd)

## শোক বার্তা

তারিখ : ৮ জুলাই ২০২১

মৌলভীবাজার জেলার রাজনগর উপজেলা নির্বাচন কর্মকর্তা বেগম আলিফ লায়লা করোনা ভাইরাসে আক্রান্ত হয়ে ঢাকায় একটি হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় গতকাল ৭ জুলাই ২০২১ রাত ৯.৩০টায় ইন্তেকাল করেছেন। (ইন্না লিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন)। মৃত্যুকালে তার বয়স হয়েছিল ৪৬ বছর।

বেগম আলিফ লায়লার অকাল মৃত্যুতে বাংলাদেশ নির্বাচন কমিশন, নির্বাচন কমিশন সচিবালয় ও মাঠপর্যায়ের সকল কর্মকর্তা কর্মচারী গভীর শোক প্রকাশ করেছেন এবং তার বিদেহী আত্মার মাগফেরাত কামনা করেছেন। মহান আল্লাহ বেগম আলিফ লায়লাকে বেহেস্ত নসিব করুন এবং তার শোক-সন্তপ্ত পরিবারের সদস্যদের শোক সহ্য করার ক্ষমতা দান করুন। আমীন।

বেগম আলিফ লায়লা ১৯৯৭ সালের সেপ্টেম্বর মাসে চাকুরীতে যোগদান করেন। মৃত্যুকালে তিনি স্বামী এক ছেলে এক মেয়েসহ অসংখ্য আত্মীয়-স্বজন ও বন্ধু-বান্ধব রেখে গেছেন।

এস এম আসাদুজ্জামান  
যুগ্মসচিব (চ.দা.) ও পরিচালক (জনসংযোগ)